



বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আশুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
ফোন: +৮৮-০২-৯৩৩৩৬৫১ ফটো: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd



পত্র নং- বাঃ স্কাঃ (স্পেশাল ইভেন্টস)/১৯৫৫(১৪১৪)/২০২১

তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

পরিপত্র

বিষয়ঃ আর্থ আওয়ার ডে উদযাপন সম্পর্কীয়।

স্কাউটিং বিশ্বব্যাপী স্বীকৃত একটি শিক্ষামূলক যুব আন্দোলন। স্কাউটিংয়ের মাধ্যমে অর্জিত শিক্ষা কাজে লাগিয়ে স্কাউটরা তাদের ব্যক্তি জীবন, মানবকল্যাণ ও সমাজ উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করছে। এ পৃথিবীকে বাসযোগ্য করে গড়ে তোলার দায়িত্ব সকলের। এ ধরিত্বাকে রক্ষায় বৈশ্বিক উৎসর্গ রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্বব্যাপী আগামী ২৭ মার্চ, ২০২১ শনিবার “আর্থ আওয়ার” পালন করা হবে।

২। কেভিড-১৯ (করোনা ভাইরাস) সৃষ্টি বিশ্বব্যাপী মহামারীর কারণে আর্থ আওয়ার ২০২১ উদযাপন উপলক্ষে স্কাউটরা সোশ্যাল মিডিয়া ও অন্যান্য অনলাইন যোগাযোগ মাধ্যমে স্থানীয় জনসাধারণ এবং নিজ শিক্ষা প্রতিষ্ঠানের সাধারণ ছাত্র-ছাত্রীসহ প্রতিবেশীদেরকে সচেতন ও উদ্বৃদ্ধ করবে।

৩। উক্ত প্রেক্ষিতে আর্থ আওয়ার উদযাপনে সংশ্লিষ্টদের নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো :

১. আগামী ২৭ মার্চ ২০২১ শনিবার আর্থ আওয়ার উপলক্ষে স্কাউটরা নিজে ও বন্ধুদের সাথে সোশ্যাল মিডিয়া ও অন্যান্য অনলাইন যোগাযোগ মাধ্যমে আর্থ আওয়ার ২০২১ এর ই-পোস্টার ও প্রোমো ভিডিও শেয়ার করার মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধিতে সহায়তা দান;
২. আর্থ আওয়ার ২০২১ উদযাপনের বৈশ্বিক কর্মসূচির অংশ হিসেবে আগামী ২৭ মার্চ ২০২১ তারিখ রাত ৮:৩০ মিনিট থেকে রাত ৯:৩০ মিনিট পর্যন্ত ১ (এক) ঘন্টা সময়ের জন্য বিদ্যুৎ বন্ধ/ ব্যবহার সীমিত রাখা;
৩. নিজ গৃহ পরিষ্কার পরিচ্ছন্ন করা এবং প্লাস্টিক বর্জ্য অপসারণ ও প্লাস্টিক বর্জ্যমুক্ত পরিবেশ গড়তে অনলাইনে জনসচেতনতা তৈরী করা;
৪. সবুজ পরিবেশের জন্য বৃক্ষরোপন করা এবং যত্ন নেয়া;
৫. বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে জনসচেতনতা তৈরী করা;
৬. আর্থ আওয়ার উপলক্ষে বাস্তবায়িত কর্মসূচি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা।

৪। এ বিষয়ে আরও তথ্যাদির প্রয়োজন হলে বাংলাদেশ স্কাউটস এর পরিচালক (স্পেশাল ইভেন্টস) জনাব মুহাম্মদ আবু সালেক (০১৭১২-২৬৬৭৮০) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৫। “আর্থ আওয়ার” উদযাপনের বিষয়ে জেলা, উপজেলা, এক্ষণ্ঠা ও ইউনিট থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৪/০৩/২০২১
(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. সভাপতি, বাংলাদেশ স্কাউটস ও জেলা প্রশাসক, সকল জেলা;
২. কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৩. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৪. কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা ও জেলা রোভার;
৫. প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৬. সভাপতি/কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;

সদয় জ্ঞাতার্থে :

১. প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
২. জাতীয় কমিশনার (সকল) বাংলাদেশ স্কাউটস;
৩. জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।